

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
প্রশাসন শাখা
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নম্বর-৩০.০০.০০০০.০২৮.২৭.০০৯.২৪-৩৬১

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

প্রজ্ঞাপন


যেহেতু, মহিলা বিষয়ক অধিদপ্তর এর ট্রেড প্রশিক্ষক জনাব একেএম শাহজাদা, মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়োগ পরীক্ষার প্রিলিমিনারি (এমসিকিউ) প্রশ্নপত্র ফাঁসের সাথে সরাসরি জড়িত আছেন মর্মে গঠিত তদন্ত কমিটি সুপারিশ/মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, তিনি প্রশ্নপত্র ফাঁসের সাথে সরাসরি জড়িত থাকার মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধ করেছেন; এবং

যেহেতু, প্রশ্নপত্র ফাঁসের সাথে সরাসরি জড়িত থাকার কারণে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;


সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ (১) ধারা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তর এর ট্রেড প্রশিক্ষক জনাব একেএম শাহজাদা-কে ২১ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ থেকে "সাময়িক বরখাস্ত" করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।


কেয়া খান
মহাপরিচালক(গ্রেড-১)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৬) চিফ একাউন্ট এন্ড ফাইন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৭) সহকারী পরিচালক(ওয়েবসাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৯) জনাব একেএম শাহজাদা, ট্রেড প্রশিক্ষক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ১০) অফিস কপি।


ফাতেমা ফেরদৌসী
সহকারী পরিচালক (প্রশাসন)